



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

খাদ্য অধিদপ্তর

অভ্যন্তরীণ সংগ্রহ শাখা

খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০

[www.dgfood.gov.bd](http://www.dgfood.gov.bd)



স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৯১.৮৫.৮০০.২১.৩০৭

তারিখ: ১০ অগ্রহায়ণ ১৪২৮

২৫ নভেম্বর ২০২১

বিষয়: চলতি আমন সংগ্রহ, ২০২১-২২ মৌসুমে মিলারদের সাথে চুক্তি সম্পাদনের সাথে সাথে বরাদ্দপত্র ইস্যু।

সূত্র: খাদ্য মন্ত্রণালয়ের পরিপত্র নং ১৩.০০.০০০০.০৮৩.৩৫.০০৩.২১.২২৩., তারিখ: ০৮/১১/২০২১ খ্রি।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, চলতি আমন ২০২১-২০২২ মৌসুমে চালকল মালিকদের সাথে চুক্তির সর্বশেষ সময়সীমা ২৫ নভেম্বর ২০২১ পর্যন্ত নির্ধারিত আছে। সূত্রস্থ স্মারকের জারিকৃত পরিপত্রের তিনি অনুচ্ছেদে চুক্তি সম্পন্ন হওয়ার অব্যবহিত পর দ্রুত সময়ের মধ্যে মিলারদের অনুকূলে বরাদ্দপত্র ইস্যুকরণ সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অনুলিপি দিয়ে অবহিত করতে হবে মর্মে সিদ্ধান্ত প্রদান করা হয়েছে।

এক্ষণে, খাদ্য মন্ত্রণালয় থেকে জারিকৃত পরিপত্রের তিনি অনুচ্ছেদে গৃহীত সিদ্ধান্ত মোতাবেক মিলারদের সাথে চুক্তি সম্পন্ন হওয়ার সাথে সাথে মিলারদের অনুকূলে দ্রুত বরাদ্দপত্র ইস্যুকরণ: তা সংশ্লিষ্ট জেলা খাদ্য নিয়ন্ত্রক দপ্তরের ওয়েবপোর্টাল/ওয়েবসাইটে প্রকাশপূর্বক বরাদ্দপত্রের অনুলিপি খাদ্য অধিদপ্তরে প্রেরণ করা করার জন্য নির্দেশ প্রদান করা হলো।

এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

২৫-১১-২০২১

মোঃ রায়হানুল করীর  
পরিচালক

ফোন: +৮৮-০২-৪১০৫০১৭৮

ইমেইল: [dproc@dgfood.gov.bd](mailto:dproc@dgfood.gov.bd)

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক (সকল)

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৯১.৮৫.৮০০.২১.৩০৭/১(১২)

তারিখ: ১০ অগ্রহায়ণ ১৪২৮

২৫ নভেম্বর ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২) মহাপরিচালক (গ্রেড-১), খাদ্য অধিদপ্তর, ঢাকা।

- ৩) অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ৪) পরিচালক (সকল), খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ৫) মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। মাননীয় খাদ্যমন্ত্রীর সদয় অবগতির জন্য।
- ৬) সিল্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা। পত্রাটি খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।



২৫-১১-২০২১

মোঃ রায়হানুল করীম

পরিচালক